রাংগুনিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম
RANGUNIA GOVERNMENT COLLEGE, CHATTOGRAM

স্থাপিত : ১৯৬৩
চট্টগ্রাম : ৪৩৬০
Estd : 1963
Ctg : 4360

নং-২০২২/০০

তারিখ : ১৯ জানুয়ারি ২০২২ খ্রি.

স্নাতক (পাস) পর্যায়ে দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদানের জন্য অনলাইনে আবেদনের বিজ্ঞপ্তি

এতদ্বারা রাংগুনিয়া সরকারি কলেজের স্নাতক (পাস) ২০১৭-১৮, ২০১৮-১৯ এবং ২০১৯-২০ (যথাক্রমে ৩য় বর্ষ, ২য় বর্ষ, এবং ১ম বর্ষ) শিক্ষাবর্ষের শিক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলকে অবহিত করা যাচ্ছে যে, ২০২১-২২ অর্থবছরে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক স্নাতক (পাস) পর্যায়ের দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদান করা হবে। এই লক্ষ্যে অত্র কলেজে ২০১৭-১৮, ২০১৮-১৯ এবং ২০১৯-২০ (যথাক্রমে ৩য় বর্ষ, ২য় বর্ষ, এবং ১ম বর্ষ) স্নাতক (পাস) শ্রেণিতে ভর্তিকৃত সকল শিক্ষার্থীকে **http://estipend.pmeat.gov.bd** লিংকে প্রবেশ করে সফট্ওয়ারে চাহিত তথ্যাদি যথাযথভাবে এন্ট্রিপূর্বক আগামী ১০/০২/২০২২ তারিখের মধ্যে অনলাইনে নিবন্ধন করার জন্য নির্দেশ দেয়া গেল। অনলাইনে নিবন্ধন করার পর আবেদনের প্রিন্টকপি ও নিম্নোক্ত কাগজপত্রাদিসহ অবশ্যই কলেজ অফিসে আগামী ১২/০২/২০২২ তারিখের মধ্যে জমা দিতে হবে।

উল্লেখ্য, নির্ধারিত তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না।

যেসব কাগজপত্র জমা দিতে হবে :

১। স্নাতক (পাস) শ্রেণির রেজিস্ট্রেশন কার্ড এর ফটোকপি।
২। এসএসসি ও এইচএসসি পরীক্ষার মূল ট্রান্সক্রীপ্ট এর ফটোকপি।
৩। শিক্ষার্থীর জন্মনিবন্ধন সনদের ফটোকপি।

১৯/১/২০২২
এ. কে. এম. সুজা উদ্দীন
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
রাংগুনিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম।

এ.কে.এম. সুজা উদ্দীন
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
রাংগুনিয়া সরকারি কলেজ
রাংগুনিয়া, চট্টগ্রাম।